

সিকিম যাবে স্পাইসজেট

- A Monitor Desk Report

Date: 08 April, 2024



কলকাতা: এখন আর সড়ক পথের যজ্ঞনা নেই। সরাসরি ঢাকা, কলকাতা বা দিল্লি থেকে সিকিম যেতে পারবেন। সিকিমের পাকিয়ং বিমানবন্দরে ফের উড়োজাহাজ সেবা চালু করেছে স্পাইসজেট।

দিল্লি-পাকিয়ং রুটে সপ্তাহে পাঁচ দিন ও কলকাতা-পাকিয়ং রুটে প্রতিদিন স্পাইসজেট চলাচল করবে। ঢাকা থেকে সিকিম যেতে প্রথমে বাংলাদেশ থেকে কলকাতা বা দিল্লি যেতে হবে।

এয়ারলাইন্সটির বিবৃতির বরাত দিয়ে ভারতীয় সংবাদ মাধ্যম এ তথ্য জানিয়েছে।

স্পাইসজেটের চিফ বিজনেস অফিসার দেবো মহর্ষি বলেন, আমরা নতুন রুট চালু করতে এবং মূল রুটগুলোতে পরিষেবা পুনরায় চালু করতে প্রস্তুত।

পাকিয়ং বিমানবন্দরের দায়িত্বপ্রাপ্ত পরিচালক বি টি পোটে সংবাদমাধ্যমকে বলেছেন, গ্রীষ্মের সময় পাকিয়ং বিমানবন্দরে উড়োজাহাজ পরিষেবা পুনরায় শুরু হলে হিমালয়ের এই রাজ্যে বিপুল সংখ্যক পর্যটক আসবেন।

তিনি বলেন, সব অঞ্চল থেকে বিমানবন্দরের সঙ্গে সড়ক যোগাযোগ পর্যটকদের ঝামেলা মুক্ত ভ্রমণের জন্য ভালো।

এদিকে টেবিল-টপ রানওয়ে সমৃদ্ধ বিমানবন্দরে কিছু অপারেশনাল কারণে প্রায় ছয় মাস আগে ফ্লাইট পরিষেবা স্থগিত করা হয়েছিল।

স্পাইসজেট ২০১৮ সালে পাকিয়ং বিমানবন্দরে ফ্লাইট শুরু করেছিল, তবে দৃশ্যমানতার সমস্যাসহ বিভিন্ন অপারেশনাল কারণে পরিষেবাগুলো অনিয়মিত ছিল।

সূচি অনুযায়ী, কলকাতা থেকে প্রতিদিন স্থানীয় সময় সকাল ৮টা ৫ মিনিটে ছাড়বে ফ্লাইট এবং পাকিয়ং পৌঁছাবে সকাল ৯টা ৩৫-এ। সেখান থেকে ছাড়বে সকাল সাড়ে ১০টায় এবং কলকাতা পৌঁছাবে দুপুর ১২টা ১০ মিনিটে।

একইভাবে নয়াদিল্লি থেকে আসা ফ্লাইটটি সকাল ৯টা ৪৫-এ উড়ে যাবে সিকিমের দিকে এবং সিকিম বিমানবন্দরে দুপুর ১২টা ৪০ মিনিটে অবতরণ করবে। ফিরতি বিমানটি দুপুর ১টা ১০ মিনিটে যাত্রা করবে এবং বিকেল ৪টা ১০ মিনিটে নয়াদিল্লি পৌঁছাবে।

সিকিমে ফের ফ্লাইট চালুর জেরে স্বাভাবিকভাবেই পর্যটকদের মধ্যে খুশির হাওয়া বইছে। কারণ অনেকটা ঘুরে সিকিম যেতে হবে এই আশঙ্কায় অনেকেই সিকিম যেতে চাইতেন না। তবে এবার রুট অনেকটাই সহজ হলো।

-B